



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিরাজগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.sirajganj.gov.bd

নম্বর: ০৫.৪৩.৮৮০০.০২৪.৩৯.০৬০.১৭.৮০৫

তারিখ: ১১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, সিরাজগঞ্জ হতে ইস্যুকৃত আয়েয়াস্ত্র লাইসেন্সধারী সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক-৪ শাখার ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ সংখ্যক প্রজ্ঞাপনের আলোকে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত যে সমস্ত আয়েয়াস্ত্রের লাইসেন্স বেসামরিক জনগণকে প্রদান করা হয়েছে তাদের প্রদানকৃত লাইসেন্স স্থগিত করা হলো এবং এবং আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে গোলাবারুদসহ আয়েয়াস্ত্র সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬-০৮-২০২৪

মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট
০২৫৮৮৮৩০৩০৫

dcsirajganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.৮৮০০.০২৪.৩৯.০৬০.১৭.৮০৫/১ (৮)

তারিখ: ১১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী;
- ৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ;
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ;
- ৫। জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ (তাকে আবশ্যিকভাবে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ);
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ (তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি জেলার ওয়েব পোর্টালে ও ফেসবুক পেইজে আপলোড করার অনুরোধসহ) এবং
- ৮। অফিসার-ইন-চার্জ (সকল থানা), সিরাজগঞ্জ।।



২৬-০৮-২০২৪

মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট